

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা

১৫ অক্টোবর ২০১৯

এডি-পি১-৮৩০৫/০৪২৭/২০১৯

প্রেরক: মোঃ আব্দুল্লাহ আল ফরহাদ
সহকারী সচিব (সংস্থাপন-১)

প্রাপক: জনাব মোঃ আলমগীর হোসেন
সহকারী সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়।


বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রীর আসন্ন আজারবাইজান সফর উপলক্ষে বাংলাদেশ দূতাবাস, আংকারা-কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আগামী ১৯-২৭ অক্টোবর ২০১৯ তারিখ পর্যন্ত বাকু সফরের মঞ্জুরি প্রসঙ্গে।

আদিষ্ট হয়ে মাননীয় প্রধানমন্ত্রীর আসন্ন আজারবাইজান সফর উপলক্ষে বাংলাদেশ দূতাবাস, আংকারা-কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আগামী ১৯-২৭ অক্টোবর ২০১৯ তারিখ পর্যন্ত (ভ্রমণের সময় ব্যতীত) আপনার বাকু সফরের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত মঞ্জুরির শর্তাবলি নিম্নরূপঃ

- ক) ভ্রমণকালীন আপনি সরকারি কাজে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবে।
- খ) আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- গ) আপনি যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন এবং এ ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থ-বছরের বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে সংকুলান করা হবে।
- ঘ) আপনি আগামী ১৯ অক্টোবর ২০১৯ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে বাকু এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ২৭ অক্টোবর ২০১৯ বা তার নিকটবর্তী সময়ে ঢাকা-এর উদ্দেশ্যে বাকু ত্যাগ করবেন।
- ঙ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বাকু-তে অবস্থান করতে পারবেন না।


০৩। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


15/10/19

(মোঃ আব্দুল্লাহ আল ফরহাদ)
সহকারী সচিব, সংস্থাপন-১)

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ১। মহাপরিচালক (প্রশাসন/পূর্ব ইউরোপ ও সিআইএস/কনস্যুলার/পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর)/রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (তহবিল/অডিট ও পেনশন)/সহকারী সচিব (আইসিটি-ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। বাংলাদেশ দূতাবাস, আংকারা।
- ৭। সংশ্লিষ্ট কর্মকর্তাগণের ব্যক্তিগত নথি।


15/10/19

(মোঃ আব্দুল্লাহ আল ফরহাদ)
সহকারী সচিব, সংস্থাপন-১)